# বেতন/তলব

এই তথ্যপত্রে একজন কর্মচারীর/নিযুক্ত ব্যক্তিদের বা কর্মীদের, তাদের কাজের জন্য কতটা বেতন/তলব পেতে পারেন এবং কি ভাবে তাদের অধিকারের দাবী করতে পারেন সে সম্বন্ধে বলা হয়েছে।

## কার কার বেতন/তলব পাওয়ার অধিকার আছে?

যে কোন ব্যক্তি যার কাজ করার জন্য চাকরীর চুক্তি আছে তারই বেতন/তলব পাওয়ার অধিকার আছে। আপনার যদি চাকরীর চুক্তি থেকে থাকে কিন্তু আপনিবেতন/তলব পান না, তাহলে আপনি হয়ত স্বেচ্ছাসেবী হিসাবে কাজ করছেন এবং চাকরীতে নিযুক্ত ব্যক্তির মত আপনার সমান অধিকার নাই। স্ব-নিযুক্ত ব্যক্তিরা সাধারনতঃ পারিশ্রমিক পান এবং চাকরীতে নিযুক্ত ব্যক্তিরা বেতন/তলব পান।

## আমার কত বেতন/তলব পাওয়া উচিৎ ?

১৯৯৮ সালের ন্যূনতম বেতন/তলব আইন(Minimum Wages Act 1998) অনুসারে কর্মচারীদের/নিযুক্ত ব্যক্তিদের প্রত্যেক ঘন্টার জন্য একটা মৌলিক(basic) বেতন/তলব পাওয়া উচিৎ। প্রায় প্রত্যেক বৎসর এই ন্যূনতম বেতন পূনর্বিবেচনা করা হয় এবং সাধারনতঃ অক্টোবর মাসে এর পরিমান বাড়ে। জাতীয় ন্যূনতম বেতনের/তলবের বিষয়ে আরও তথ্য জানবার জন্য নিম্নলিখিত ই-মেইলগুলি দেখুন। www.tiger.gov.uk এবং www.acas.gov.uk

তবে একজন নিয়োগকর্তা/মনিবের এর থেকে উচ্চতর পরিমানের অথবা যে কোন পরিমান বেতন/তলব যেটা কর্মচারীর/নিযুক্ত ব্যক্তির সঙ্গে একমত হবেন, সেটা দেওয়ার অধিকার আছে। তবে একজন নিযুক্ত কর্তা/মনিব জাতীয় ন্যূনতম বেতনের/তলবের থেকে *কম* দিতে পারবেন না।

## আমি কত বেতন/তলব পাব সেটা আমি কি ভাবে হিসাব করব?

জাতীয় ন্যূনতম বেতন/তলব অনুসারে, আপনি প্রতি ঘন্টায় কত করে পাচ্ছেন সেটা যদি হিসাব করতে চান, তাহলে আপনি ওভারটাইম বা কমিশন হিসাবে যত অর্থ পেয়েছেন সেগুলিকে বাদ দিতে হবে। প্রত্যেক ঘন্টার বেতনের/তলবের পরিমান হবে ট্যাক্স এবং ন্যাশনাল ইনসিওরেন্স বাদ দেওয়ার আগে। এর পর আপনাকে হিসাব করতে হবে 'বেতনের/তলবের সময়সীমা', যেটা হতে পারে সাপ্তাহিক অথবা মাসিক। আপনাকে যদি জাতীয় ন্যূনতম বেতন/তলব থেকে কম দেওয়া হয়ে থাকে তাহলে আপনার নিয়োগকর্তা/মনিব, জাতীয় ন্যূনতম বেতন/তলব এবং আপনাকে আপনার চুক্তি অনুসারে যে পরিমান বেতন/তলব দেওয়া হচ্ছে

তার মধ্যে যে পার্থক্য থাকবে, সেই পরিমান অর্থের জন্য তিনি আপনার কাছে ঋণী থাকবেন। প্রতি ঘন্টায় কত করে বেতন/তলব দেওয়া হচ্ছে সেটা প্রমান করার জন্য আপনাকে তার রেকর্ড দেখাতে হবে।

## বেতনপত্র/তলবপত্র (Payslips)

সকল কর্মচারীদের/নিযুক্ত ব্যক্তিদের "প্রত্যেক দফা স্পষ্টভাবে লেখা বেতনপত্র/তলবপত্র" পাওয়ার অধিকার আছে। এই বেতনপত্রে/তলবপত্রে ট্যাক্স এবং ন্যাশনাল ইনসিওরেন্স কেটে নেওয়ার আগের এবং পরের পরিমান পরিস্কারভাবে দেখানো উচিৎ। আপনার নিয়োগকর্তা/মনিব যদি এই তথ্য আপনাকে না দিয়ে থাকেন তাহলে আপনি এমপ্লয়মেন্ট ট্রাইবুনালে(Employment Tribinal) দাবী জানাতে পারেন এবং ট্রাইবুনালকে অনুরোধ করতে পারেন যে বেতনপত্রে/তলবপত্রে কি কি তথ্য দেওয়া হবে সেটা ঘোষণা করতে। যদি আপনাকে না জানিয়ে কোন অর্থের পরিমান (যেমন: ট্যাক্স) কেটে নেওয়া হয় তাহলে ট্রাইবুনাল নিয়োগকর্তাকে/মনিবকে ক্ষতিপূরণ হিসাবে সেই অর্থের পরিমান আপনাকে ফেরত দিতে বলতে পারে।

## নিয়োগকর্তার/মনিবের আমার বেতন/তলব থেকে অর্থের পরিমান কেটে নেওয়া কি অনুমোদিত (allowed)

যদি কোন নিয়োগকর্তা/মনিব, কর্মচারীর/নিযুক্ত ব্যক্তির অনুমতি ছাড়া তার বেতন/তলব থেকে অর্থের পরিমান মেটে নেন তাহলে সেটাকে বলা হয় "বে-আইনি ভাবে বেতন কেটে নেওয়া"। এটা আরও হচ্ছে চাকরীর চুক্তি ভঙ্গ করা(চুক্তির তথ্যপত্র দেখুন)। কতকগুলি ক্ষেত্রে, নিয়োগকর্তার/মনিবের অর্থ কেটে নেওয়া অনুমোদিত। এটা হচ্ছে যেখানে কর্মচারী/নিযুক্ত ব্যক্তি আগেই লিখিতভাবে রাজী হয়েছেন, যেমন: যেখানে নিয়োগকর্তা/মনিব অনিচ্ছাকৃতভাবে ভুল করে কর্মচারীকে/নিযুক্ত ব্যক্তিকে বেশী বেতন/তলব দিয়েছেন। এইজন্য আপনি আপনার চুক্তির শর্তাবলীগুলি ভালভাবে পরীক্ষা করে দেখুন যে এই অর্থ কেটে নেওয়া সম্বন্ধে রাজী হওয়ারকোন শর্ত আছে কি না।

## আমি যখন চাকরী ছেড়ে দেব তখন আমি কি পাব?

আপনার চাকরী যখন শেষ হয়ে যাবে, সব কর্মচারীদের/নিযুক্ত ব্যক্তিদের যতদিন একজন নিয়োগকর্তার/মনিবের জন্য কাজ করেছেন, ততদিনের বেতন/তলব পাওয়ার অধিকার আছে। এ ছাড়াও তাদের যদি নোটিশের সময়ের কাজ করতে না দেওয়া হয়, সেই নোটিশের সময়ের জন্য তাদের বেতন/তলব পাওয়ার অধিকার আছে। (আপনার কি চাকরী চলে গেছে? তথ্যপত্র দেখুন)। এ ছাড়াও, আপনার যতগুলি ছুটির দিন পাওয়ার অধিকার আছে এবং আপনি যদি সব দিনগুলি ব্যবহার না করে থাকেন তাহলে সেই দিনগুলির জন্য (এটা ঠিক করা হবে যেদিন থেকে আপনি কাজ আরম্ভ করেছেন সেই দিন থেকে অথবা অন্য কোন দিন থেকে এক বৎসর পর্য্যন্ত, (যেটা আপনার নিয়োগকর্তা/মনিব আপনাকে বুঝিয়ে বলবেন), বেতন/তলব পেতে পারেন।

আরও তথ্য এবং কি ভাবে আপনার অধিকারের দাবী করবেন তার জন্য নিম্নলিখিত ওয়েবসাইট দেখুন।
www.employmenttribunals.gov.uk